

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘিওর, মানিকগঞ্জ।


স্মারক নং-০৫.৩০.৫৬২২.০০০.১৪.০০৫.২০-২৪৬

তারিখ: ০৬/০৪/২০২০।

গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল ধরনের ব্যবসায়ী ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস এর প্রাদুর্ভাব রোধকল্পে সরকার ইতোমধ্যে সকল প্রকার সভা সমাবেশসহ সকল ধরনের গণজমায়েত নিষিদ্ধ ঘোষণা করেছেন। এমতাবস্থায় প্রতিদিন বিকাল ৫:০০ টা হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত ঔষধের দোকান ব্যতীত সকল প্রকার দোকান বন্ধ রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে, সকাল ৬:০০টা হতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির দোকান বিকাল ৫:০০ টা পর্যন্ত খোলা থাকবে। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে


০৬/০৪/২০২০

(আইরিন আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট

ঘিওর, মানিকগঞ্জ।

অনুলিপি:

- ০১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ। সদয় অবগতির জন্য।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।